



সংস্কার এড়িয়ে ‘ফ্যাসিবাদ’ চাপাতে চাইলে বিএনপিকে মূল্য দিতে হবে: আযাদ



হামিদুর রহমান আযাদ। ছবি: সংগৃহীত

অন্তর্বর্তী সরকারের সময়ে জারি হওয়া গণভোট, গুম প্রতিরোধ, দুর্নীতি দমন কমিশন (দুদক) ও জাতীয় মানবাধিকার কমিশনসহ প্রায় ২০টি অধ্যাদেশ কার্যকারিতা হারাতে বসেছে। সংবিধান পরিবর্তন ঘিরে রাজনৈতিক অঙ্গনে উত্তেজনা বাড়ার মধ্যে বিরোধী দলগুলোও সংসদের বাইরে সরব হয়ে উঠেছে।

শনিবার (৪ এপ্রিল) বিকেলে রাজধানীর বায়তুল মোকাররম মসজিদের উত্তর গেটে আয়োজিত বিক্ষোভ সমাবেশে ১১ দলীয় জোটের সমন্বয়ক ও জামায়াত নেতা হামিদুর রহমান আযাদ বলেন, বিএনপি পরিকল্পিতভাবে সংবিধান সংস্কার প্রক্রিয়া এড়িয়ে যাচ্ছে এবং গণভোটকে গুরুত্ব না দিয়ে জনগণকে অবমূল্যায়ন করছে। তার ভাষায়, এভাবে সংস্কার পাশ কাটিয়ে আবারও কর্তৃত্ববাদী শাসন প্রতিষ্ঠার চেষ্টা হলে তার রাজনৈতিক মূল্য বিএনপিকেই দিতে হবে।

সমাবেশে এনসিপির সদস্য সচিব আখতার হোসেন মন্তব্য করেন, সংবিধান সংশোধনের পরিবর্তে প্রয়োজনীয় সংস্কারের বিষয়ে রাজনৈতিক ঐকমত্য ছিল। কিন্তু বিএনপি এককভাবে ক্ষমতা পরিচালনার মানসিকতা থেকেই গণভোটের পথ থেকে সরে এসেছে বলে তিনি অভিযোগ করেন।

এদিকে বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মামুনুল হক বিএনপির রাজনীতিকে ‘সুবিধাজনিতিক’ আখ্যা দিয়ে বলেন, জনগণের রায় উপেক্ষা করা হলে তার প্রতিক্রিয়া রাজপথেই দেখা যাবে।

সমাবেশ শেষে বায়তুল মোকাররম এলাকা থেকে একটি মিছিল বের করেন ১১ দলীয় জোটের নেতাকর্মীরা। মিছিলটি পল্টন মোড় হয়ে নাইটিঙ্গেল মোড়ে গিয়ে শেষ হয়।